# সবুজ পাহাড়ের স্বাস্থ্য বার্তা

## গ্রীনহিল-সূর্যের হাসি ক্লিনিক

এপ্রিল-জুন ২০২২ বর্ষ-১ । সংখ্যা-১



দীর্ঘদিন যাবৎ বাঁশী মোহন চাকমা ও নিলপতী চাকমা মহালছড়ি সূর্যের ক্লিনিক থেকে সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্যসেবা নিচ্ছেন।

## নির্বাহী পরিচালকের কিছু কথা

**মং থোয়াই চিং**

বিগত দশ বছরে প্রধান স্বাস্থ্যসূচকসমূহ যথা-শিশুমৃত্যু হ্রাস, মাতৃমৃত্যু হ্রাস, জনসংখ্যার বৃদ্ধির হার হ্রাসসহ অন্যান্য সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে, যার পেছনে রয়েছে সরকারের বিভিন্ন বাস্তবধর্মী কর্মসূচী। পাশাপাশি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এই উল্লেখযোগ্য কর্মসূচীকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট বেসরকারী উন্নয়ন সংস্থাগুলোর ভূমিকাও কম নয়। বিশেষ করে দুর্গম তিন পার্বত্য এলাকায় জনগণের দোড়গোড়ায় মা ও শিশু স্বাস্থ্য সেবা পৌঁছে দেয়ার ক্ষেত্রে সহযোগী সংস্থা USAID-এর কারিগরী সহযোগিতায় পরিচালিত এবং গ্রীন হিল কর্তৃক বাস্তবায়িত 'সূর্যের হাসি ক্লিনিকে'র অবদান অনস্বীকার্য। এই প্রকল্প 'সূর্যের হাসি' ক্লিনিক-এর মাধ্যমে তিন পার্বত্য জেলার দুর্গম এলাকায় স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত জনগণকে ১৮টি 'সূর্যের হাসি' ক্লিনিক-এর মাধ্যমে ২৪/৭ ঘন্টা সেবা প্রদান করে যাচ্ছে।

এ অঞ্চলের মা ও শিশু স্বাস্থ্য খাতের এই অসামান্য অর্জনগুলো এই প্রথম ছোট প্রকাশনার মাধ্যমে সংশ্লিষ্ট অংশীগণের কাছে তথা এলাকার সাধারণ মানুষের কাছে তুলে ধরার প্রচেষ্টা মাত্র এবং সাধারণ মানুষের কাছে সূর্যের হাসি ক্লিনিকের স্বাস্থ্য সেবার প্রতি আস্থা বৃদ্ধিতে ভূমিকা রাখবে বলে আমি মনে করি এবং এই অদম্য চেষ্টাকে সাধুবাদ জানাই । প্রথম প্রকাশনাটির সাথে জড়িত সকলকে তাই অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই ।

## সম্পাদকীয়

**সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, এইউএইচসি।**

গ্রীন হিল ১৯৯৪ সালে প্রতিষ্ঠার পর হতে পার্বত্য অঞ্চলের মানুষের বিশেষত; দরিদ্র জনগোষ্ঠীর জীবন-মান উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে চলেছে। বিগত দুই দশকেরও অধিক সময় ধরে গ্রীন হিল তৃণমূল পর্যায়ে সচেতনতা সৃষ্টি, উদ্যোক্তা উন্নয়ন, পানি-পয়নিষ্কাশন, মানবাধিকার ও সুশাসন এর পাশাপাশি, বিশেষ করে মা ও শিশু স্বাস্থ্য বিষয়ে সেবা প্রদানের মাধ্যমে এলাকার দরিদ্র, দুর্গম ও স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত জনগোষ্ঠীর জন্য কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে এবং উল্লেখযে-াগ্যভাবে সফলতা অর্জন করেছে।

গ্রীন হিলের চলমান বিভিন্ন কর্মসূচীর মধ্যে USAID এর আর্থিক সহায়তায় Advancing Universal Health Covergae (AUHC) প্রকল্পটি একটি জনগুরুত্বপূর্ণ প্রকল্প। প্রকল্পটি সূর্যের হাসি ক্লিনিক-এর আওতায় তিন পার্বত্য জেলার ১৮টি প্রত্যন্ত উপজেলায় স্বাস্থ্য-সেবা প্রদান করে যাচ্ছে। যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে কিছুটা হলেও ভূমিকা রাখবে বলে আশা করি।

এই প্রকল্পের কার্যক্রম তথা সেবাসমূহের তথ্য আরও জনগণের কাছে বা তাদের দোড়গোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে AUHC হতে গ্রীন হিল মাঠ পরিদর্শনে আসা কর্মকর্তাবৃন্দ ও গ্রীন হিলের ব্যবস্থাপনা কমিটি একটি প্রকাশনা সংকলন করার প্রয়োজনীয়তা অনুভব করেন। তারই ধারাবাহিকতায়, আজ এই প্রথম ত্রৈমাসিক নিউজলেটার একটি প্রয়াস বা উদ্যোগ। এই নিউজলেটারটি তখনই সার্থক হবে যখন এটির মাধ্যমে সামান্যতম হলেও প্রকল্প সংশ্লিষ্ট অংশীগণ উপকৃত হবে। শেষান্তে এই নিউজলেটারটির প্রথম প্রকাশনায় যাঁরা সহযোগিতা করেছেন তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

## প্রকল্প বিষয়ে কিছু কথা

USAID-AUHC এর সার্বিক সহযোগিতায় গ্রীন হিল পরিচালিত সূর্যের হাসি ক্লিনিক প্রকল্পটি ২০১৬ সালের অক্টোবর হতে তিন পার্বত্য জেলার (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) প্রত্যন্ত এলাকায় ১৮টি সূর্যের হাসি ক্লিনিক, স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত ও দরিদ্র জনগোষ্ঠীর সাধারণ রোগের স্বাস্থ্য সেবার পাশাপাশি মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করে যাচ্ছে। দক্ষ ও অভিজ্ঞ ডাক্তার এবং প্যারামেডিক দ্বারা সুনামের সহিত নিরাপদ প্রসব সেবা, প্রজননস্বাস্থ্য, মাতৃস্বাস্থ্য, পুষ্টি, শিশুস্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো প্রত্যন্ত অঞ্চলে নিরাপদ প্রসব সেবা নিশ্চিত করাসহ প্রাতিষ্ঠানিক প্রসব নিশ্চিত করার মধ্য দিয়ে মাতৃ-মৃত্যু ও শিশু-মৃত্যু হ্রাসকরণ।

## প্রকল্পের ভৌগোলিক এলাকা




| জেলা | রাঙ্গামাটি | খাগড়াছড়ি | বান্দরবান |
|---|---|---|---|
| উপজেলা | কাপ্তাই | পানছড়ি | রোয়াংছড়ি |
| | রাজস্থলী | লক্ষীছড়ি | রুমা |
| | বরকল | মাটিরাঙ্গা | থানচি |
| | বিলাইছড়ি | মানিকছড়ি | আলীকদম |
| | নানিয়ারচর | রামগড় | |
| | বাঘাইছড়ি | মহালছড়ি | |
| | জুরাছড়ি | | |
| | লংগদু | | |

## এক নজরে প্রধান স্বাস্থ্য সেবাসমূহের লক্ষ্যমাত্রা ও অর্জন

| সেবার পরিসংখ্যান (এপ্রিল-জুন'২২) সমূহ | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|
| ১। গর্ভকালীন সেবা (এএনসি) | ২২৫০ | ২৩০২ |
| ২। প্রসবোত্তর সেবা (পিএনসি) | ৩০১ | ৩৩০ |
| ৩। নবজাতকের অত্যাবশ্যকীয় পরিচর্যা (ইএনসি) | ৪২২ | ৪৫৮ |
| ৪। পরিবার পরিকল্পনা প্রজনন স্বাস্থ্য | ১৪৭১২ | ১৭৬০৩ |
| ৫। সাধারণ প্রসব সেবা | ২৬৪ | ২৯৪ |
| ৬। টিকাদান কর্মসূচী | ৯৪৩ | ৯৪৪ |
| ৭। মোট সেবা প্রদানের সংখ্যা | ৪৫১৪০ | ৫০৭৩৬ |
| ৮। মোট পুরুষ রোগী সেবা প্রদানের সংখ্যা | ৩৭৫০ | ৪১২৭ |

## প্রকল্পের প্রশিক্ষণ

### আইপি, কাউন্সেলিং এবং এমএনএইচ-কিউআই বিষয়ে প্রশিক্ষণ



USAID-AUHC এর উদ্যোগে Infection and prevention (IP), Counseling, Maternal and Newborn Health–Quality Improvement (MNH-QI) বিষয়ে চার দিন ব্যাপী প্রশিক্ষণ গ্রীন হিলের তিন পার্বত্য জেলার ১৮টি ক্লিনিকের প্যারামেডিকদেরকে তিন ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতি ক্লিনিক হতে দুই জন করে মোট ৩৬জন প্যারামেডিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে। গত ৯-১২ মে ২০২২ইং বান্দরবান জেলার পর্যটন মোটেলে, ১৬-১৯ মে ২০২২ইং তারিখে রাঙ্গামাটির গ্রীন হিল প্রধান কার্যালয়ে এবং ২৮-৩১ মে ২০২২ইং খাগড়াছড়ি জেলার হিল টপ হোটেল এ্যান্ড রেস্টুরেন্টে প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি বান্দরবান জেলার ৪টি (চার) ক্লিনিক রোয়াংছড়ি, রুমা, থানচি ও আলীকদম, রাঙ্গামাটি জেলার ৫টি (পাঁচ) ক্লিনিক কাপ্তাই, রাজস্থলী, বাঘাইছড়ি, লংগদু ও নানিয়ারচর এবং খাগড়াছড়ি জেলার ৬টি ক্লিনিক মহালছড়ি, লক্ষীছড়ি, মানিকছড়ি, মাটিরাঙ্গা, রামগড় ও পানছড়ি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ক্লিনিকের কার্যক্রম বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। উল্লেখ্য যে, রাঙ্গামাটি জেলার আরও ৩টি (তিন) ক্লিনিক দুর্গমতা বা যোগাযোগ ব্যবস্থার প্রতিকূলতার কারণে পরিদর্শন করা সম্ভব হয়নি। প্রশিক্ষণগুলি পরিচালনা করেন AUHC হতে আগত তানজিনা আহম্মেদ, টিম লিড, সার্ভিস ইমপ্রুভমেন্ট, ইনোভেশন এ্যান্ড এক্সপানশন, ডাঃ উম্মে হানি, টেকনিক্যাল এডভাইজার ও ওয়াকারুল হক নাজভি, টেকনিক্যাল এডভাইজার, সার্ভিস ইমপ্রুভমেন্ট, ইনোভেশন এ্যান্ড এক্সপানশন টিম, এইউএইচসি।

### এমএন্ডই এবং এমআইএস বিষয়ে প্রশিক্ষণ

গত ২২ ও ২৪ মে' ২০২২ ইং দুইটি ব্যাচে ১৮টি ক্লিনিক হতে মোট ৩৬জন স্টাফকে MIS বিষয়ে রাঙ্গামাটির গ্রীন হিলের প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণটি পরিচালনা করেন USAID-AUHC হতে জনাব এস.এম. হাসিবুল করিম, মনিটরিং, ইভালুয়েশন এবং লার্নিং স্পেসিয়ালিষ্ট ও মোঃ রেজোয়ান আক্তার, সিস্টেম ডিজাইন এডভাইজার । উক্ত প্রশিক্ষণটি আরও বাস্তবধর্মী ও কার্যকরী করার জন্য প্রশিক্ষকরা প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি ফিল্ড/ক্লিনিক পরিদর্শনও করেছেন।



## প্রকল্প পরিদর্শন

### ইউপি চেয়ারম্যান কর্তৃক ক্লিনিক পরিদর্শন



গত ৩০ মে ২০২২ইং খাগড়াছড়ি জেলার মহালছড়ি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন মাইচছড়ি ইউপি চেয়ারম্যান জনাব সাজাই মারমা। তার সাথে সফর সঙ্গী হিসেবে ছিলেন জনাব উত্তম প্রিয় চাকমা, প্যানেল চেয়ারম্যান, ১ নং সাবেক্ষ্যং ইউনিয়ন পরিষদ, নানিয়ারচর উপজেলা, রাঙ্গামাটি।

## ইউরোপিয়ান ইউনিয়ন রাষ্ট্রদূতের ক্লিনিক পরিদর্শন



খাগড়াছড়ি পার্বত্য জেলার মহালছড়ি উপজেলায় সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন ইউরোপিয়ান ইউনিয়নের রাষ্ট্রদূত Mr. Charles whiteley এবং ইউএনডিপি'র প্রতিনিধি প্রসেনজিৎ চাকমা। এছাড়াও সফরসঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন মহালছড়ি উপজেলার উপজেলা নিবার্হী কর্মকর্তা জনাব জোবাইদা আক্তার ও ইউপি চেয়ারম্যান এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ।

## সমন্বয় সভা ঃ




খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের আয়োজনে ৯ জুন ২০২২ইং তারিখ এনজিও সমন্বয় সভা অনুষ্ঠিত হয় । উক্ত সমন্বয় সভায় গ্রীন হিল 'সূর্যের হাসি ক্লিনিকের' খাগড়াছড়ি জেলার জেলা প্রতিনিধি ও এএমআইএস অফিসার মিঃ রুপান্ত চাকমা অংশগ্রহণ করেন এবং প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। উক্ত সভায় সভাপতিত্ব করেন খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান বাবু মংসুইপ্রু চৌধুরী। এছাড়াও জেলার সরকারী বিভিন্ন বিভাগের প্রতিনিধি ও এনজিও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## স্যাটেলাইট ক্লিনিক

গ্রীন হিল পরিচালিত মানিকছড়ি 'সূর্যের হাসি ক্লিনিকের' উদ্যোগে প্রত্যন্ত এলাকায় স্যাটেলাইট পরিচালনা করে মোট ১৭৮ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তার মধ্যে মহিলা ৭২ জন এবং পুরুষ ১০৬ জন। স্যাটেলাইট স্পটগুলির অবস্থান ক্লিনিক হতে কমপেক্ষ ৬ হতে ২৩ কিঃমিঃ দূরে অবস্থিত। স্পটগুলি হলো সাপুরিয়া পাড়া, জোগ্যছলা, বড়ইতলী, ওসমান পল্লী, হরবিল, ফকিরটিলা ও তৈইলারী পাড়া অন্যতম।




## সরকারী কর্মকর্তা কর্তৃক ক্লিনিক পরিদর্শন



১লা জুন ২০২২ইং আলীকদম উপজেলা নির্বাহী কর্মকর্তা মিজ. মেহরুবা ইসলাম গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন। তিনি ক্লিনিকের সার্বিক পরিবেশ বিশেষ করে পরিস্কার-পরিচ্ছন্নতা, কর্মীদের সুন্দর ব্যবহার, সেবার ধরন ও বিভিন্ন রেজিষ্টার হালনাগাদ দেখে সন্তোষ প্রকাশ করেন। এছাড়াও আলীকদম উপজেলার পরিবার পরিকল্পনা বিভাগের কর্মকর্তা ডাঃ বেলাল হোসেনও ক্লিনিক পরিদর্শন করেন।

গ্রীন হিল পরিচালিত সূর্যের হাসি ক্লিনিকগুলো সরকারের স্বাস্থ্য বিভাগের কোভিড-১৯ টিকাদান কার্যক্রমকে জোরদারকরণের লক্ষ্যে সরাসরি সহযোগিতা করে যাচ্ছে। তারই অংশ হিসেবে বিগত ৫ই জুন ২০২২ ইং মানিকছড়ি সূর্যের হাসি ক্লিনিকের কোভিড-১৯ টিকাদানকালে কেন্দ্র পরিদর্শন করতে আসেন ডাঃ উৎপল চাকমা, Surveillance & Immunization Medical Officer, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, খাগড়াছড়ি এবং স্বাস্থ্য পরিদর্শক জনাব শ্যামল চাকমা।

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রুবিন ভট্টাচার্য্য, বাঘাইছড়ি উপজেলার গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন। তিনি সকল স্টাফের সাথে মত বিনিময় করেন এবং ক্লিনিকের সেবা ও পরিস্কার পরিচ্ছন্নতার জন্য ক্লিনিকের প্রশংসা করেন।



## সরকারী বিভিন্ন কর্মসূচীতে সহযোগিতা

বাঘাইছড়ি সূর্যের হাসি ক্লিনিকে সরকারীভাবে প্রতি মাসের ২য় সপ্তাহের বৃহস্পতিবার ইপিআই প্রোগ্রাম (শিশু ও কিশোরীদের টিকাদান কর্মসূচী)-এর আয়োজন করা হয় । এছাড়াও প্রতিবারের ন্যায় গত ১৬ ই জুন ২০২২ খ্রিঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইনকে সফল করতে উপজেলার সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদেরকে সার্বিক সহযোগিতা প্রদান করা হয়। ফলে উপজেলায় অনুষ্ঠিত সমন্বয় সভায় উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাবৃন্দ গ্রীন হিল 'সূর্যের হাসি ক্লিনিক'কে অসংখ্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সাজেক ইউনিয়ন, বাঘাইছড়ি উপজেলার তথা বাংলাদেশের দুর্গম ইউনিয়নগুলোর মধ্যে অন্যতম এবং এই ক্লিনিকটির অবস্থান দুর্গম সাজেক ইউনিয়নে হওয়ার কারণে, সরকারী বিভিন্ন প্রোগ্রামে/কর্মসূচীতে গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক কার্যক্রম শুরু হওয়ার পর হতে অদ্যাবধি সার্বিক সহযোগিতা প্রদান করে যাচ্ছে, ফলে ক্লিনিকটির সকলের কাছে দিন দিন গ্রহণযোগ্যতা বেড়েছে এবং সাথে প্রশংসাও কুড়িয়েছে।




## পরিবার পরিকল্পনা সেবা



অন্যান্য ক্লিনিকের ন্যায় আলীকদম উপজেলা সূর্যের হাসি ক্লিনিকে, পরিবার পরিকল্পনা পদ্ধতি সরবরাহ ও বিতরণসহ কাউন্সেলিং সেবা প্রদান করা হয়ে থাকে । ৩টি স্বল্পমেয়াদি পদ্ধতি হলো আপন বা মিনিপিল, সুখি, ইনজেকশন ও কনডম উল্লেখযোগ্য। এই সময়ে পিল ৪৬টি, ইনজেকশন ৯০টি ও কনডম ৫টি এবং ৮৪৫ জন সক্ষম দম্পতিকে কাউন্সিলিং এবং পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়েছে।

# গ্রীন হিল পরিচালিত ১৮টি সূর্যের হাঁসি ক্লিনিক সমূহ



বাঘাইছড়ি ক্লিনিক




বরকল ক্লিনিক



জুড়াছড়ি ক্লিনিক



বিলাইছড়ি ক্লিনিক




লংগদু ক্লিনিক



কাপ্তাই ক্লিনিক



রাজস্থলি ক্লিনিক



নানিয়ারচর ক্লিনিক



মহালছড়ি ক্লিনিক




পানছড়ি ক্লিনিক



পানছড়ি ক্লিনিক



মানিকছড়ি ক্লিনিক



রামগড় ক্লিনিক



মাটিরাঙ্গা ক্লিনিক



রোয়াংছড়ি ক্লিনিক



থানচি ক্লিনিক



রুমা ক্লিনিক



আলীকদম ক্লিনিক


## যোগাযোগ

সাইলু মং মারমা
প্রকল্প পরিচালক, এইউএইচসি প্রকল্প
মোবাইল: ০১৮২৮৮১৮৬৭১
**প্রধান কার্যালয়**
ইন্দ্রানী হাউজ, চম্পকনগর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।


USAID FROM THE AMERICAN PEOPLE

Green Hill Transforming the Marginalized

সূর্যের হাসি ক্লিনিক
হাসি মুখে সেবা